গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
বাজেট ও পরিবীক্ষণ অনুবিভাগ
বাজেট-২ শাখা

অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত বাজেট পরিপত্র-১ অনুসরণে ২০২৪-২৫ অর্থবছরের রেলপথ মন্ত্রণালয়ের বাজেট কাঠামোর ২য় অংশ সংশোধন/হালনাগাদকরণের বিষয়ে বাজেট ওয়ার্কিং গুপের ২য় সভার সুপারিশ/প্রস্তাব চূড়ান্তকরণের লক্ষ্যে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির ২য় সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | ড. মো: হুমায়ুন কবীর<br>সচিব ও সভাপতি, বাজেট ব্যবস্থাপনা কমিটি, রেলপথ মন্ত্রণালয় |
| সভার তারিখ | ২২.০১.২০২৪ |
| সভার সময় | দুপুর ১২:০০ |
| স্থান | রেলপথ মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-৯৩০, রেলভবন) ও জুম প্লাটফরম |
| উপস্থিতি | পরিশিষ্ট-'ক' |

সভাপতি সভায় অংশগ্রহণকারী সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি জানান যে, বাজেট পরিপত্র-১ এর আলোকে মধ্যমেয়াদি বাজেট কাঠামোর আওতায় রেলপথ মন্ত্রণালয়ের জন্য নির্ধারিত ২০২৪-২৫ অর্থবছরের রাজস্ব ও প্রাপ্তির লক্ষ্যমাত্রা এবং পরবর্তী ২(দুই) বছরের প্রক্ষেপণ; প্রস্তাবিত ব্যয়সীমা ও পরবর্তী ২(দুই) বছরের প্রক্ষেপণ এবং ২০২৪-২৫ অর্থ বছরের সম্ভাব্য বৈদেশিক সহায়তার প্রক্ষেপণ- এর ভিত্তিতে বাজেট ওয়ার্কিং গুপের ১ম সভার সুপারিশের আলোকে ০৪/০১/২০২৪ তারিখে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির ১ম সভায় বাজেট কাঠামোর ১ম ভাগ (অংশঃ ১-৫) অনুমোদিত হয়েছে। উক্ত সভায় অধিদপ্তর/পরিদপ্তর/সংস্থা ভিত্তিক ২০২৪-২৫ অর্থবছরের জন্য রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রার অনুমোদিত বিভাজন, প্রাথমিক ব্যয়সীমার(পরিচালন ও উন্নয়ন) অনুমোদিত বিভাজন এবং ২০২৫-২৬ ও ২০২৬-২৭ অর্থবছরের অনুমোদিত প্রক্ষেপণের ভিত্তিতে ইতোমধ্যে আইবাস++ সিস্টেমে অর্থনৈতিক কোডভিত্তিক বাজেট ইউনিট/প্রকল্প ভিত্তিক বিস্তারিত বাজেট প্রাক্কলন (ফরম- ৭: রাজস্ব প্রাপ্তি, ফরম-৮ক-১: পরিচালন বাজেট ও ফরম-৮খ-১: উন্নয়ন বাজেট) সম্পন্ন হয়েছে। তিনি আরো বলেন, বাজেট ওয়ার্কিং গুপের ২য় সভার সুপারিশের আলোকে হালনাগাদকৃত বাজেট কাঠামোর ২য় ভাগ (অংশঃ ৬) এবং রেলপথ মন্ত্রণালয়ের বাজেট প্রাক্কলন ও পরবর্তী ২(দুই) বছরের প্রক্ষেপণ পরীক্ষান্তে চূড়ান্তকরণের জন্য এ সভা আহবান করা হয়েছে। অতঃপর তিনি উপসচিব (বাজেট), রেলপথ মন্ত্রণালয়-কে সভার আলোচ্যসূচি উপস্থাপনের অনুরোধ জানান।

০২। উপসচিব (বাজেট) ধারাবাহিকভাবে নিম্নের আলোচ্যসূচি সভায় উপস্থাপন করেনঃ

- আলোচ্যসূচি-১:বিএমসি ১ম সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ
- আলোচ্যসূচি-২: বিডব্লিউজি ২য় সভার সুপারিশসমূহ পর্যালোচনা
- আলোচ্যসূচি-৩:বিডব্লিউজি ২য় সভার সুপারিশের আলোকে রেলপথ মন্ত্রণালয়ের বাজেট কাঠামো-এর ২য় অংশ (অংশ-৬) পর্যালোচনা ও চূড়ান্তকরণ
- আলোচ্যসূচি-৪: ফরম-৩: অধস্তন দপ্তর/প্রাতিষ্ঠানিক ইউনিট গুপের রাজস্ব ও প্রাপ্তির লক্ষ্যমাত্রা
- আলোচ্যসূচি-৫: ফরম-৪: অধস্তন দপ্তর/প্রাতিষ্ঠানিক ইউনিট গুপের প্রাথমিক ব্যয়সীমা
- আলোচ্যসূচি-৬: ফরম-৬(ক): প্রাতিষ্ঠানিক ইউনিট/সংস্থার পরিচালন কার্যক্রমের প্রাথমিক ব্যয়সীমা
- আলোচ্যসূচি-৭: ফরম-৬(খ): উন্নয়ন কার্যক্রমভুক্ত বিশেষ কর্মসূচী/স্কীম/প্রকল্পের প্রাথমিক ব্যয়সীমা
- আলোচ্যসূচি-৮: ফরম-৭: অর্থনৈতিক কোড ভিত্তিক রাজস্ব ও প্রাপ্তির প্রাথমিক প্রাক্কলন ও প্রক্ষেপণ
- আলোচ্যসূচি-৯:ফরম-৮(ক-১): অর্থনৈতিক কোডভিত্তিক পরিচালন ব্যয়ের সাধারণ/বিশেষ কার্যক্রমের প্রাথমিক প্রাক্কলন ও প্রক্ষেপণ

- আলোচ্যসূচি-১০: ফরম-৮(খ-১): অর্থনৈতিক কোড ভিত্তিক উন্নয়ন ব্যয়ের এডিপিভূক্ত কার্যক্রমের প্রাথমিক প্রাক্কলন ও প্রক্ষেপণ

০৩। **আলোচ্যসূচি-১: বাজেট ব্যবস্থাপনা কমিটির ১ম সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণঃ** সভায় জানানো হয় যে, বাজেট পরিপত্র-১ অনুসরণে এ মন্ত্রণালয়ের বাজেট সংশ্লিষ্ট সকল সংস্থা/দপ্তর হতে প্রাপ্ত তথ্য-উপাত্তের ভিত্তিতে ৩১/১২/২০২৩ তারিখে অনুষ্ঠিত বাজেট ওয়ার্কিং গ্রুপের ১ম সভায় রেলপথ মন্ত্রণালয়ে বাজেট কাঠামো সংশোধন/হালনাগাদকরণের বিষয়ে গৃহীত সুপারিশসমূহ ০৪/০১/২০২৪ তারিখে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির সভায় পর্যালোচনান্তে চূড়ান্ত করা হয়। সভায় বাজেট ব্যবস্থাপনা কমিটির কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। সভায় মন্ত্রণালয়ের বাজেট কাঠামোর প্রথম ভাগের ৫.০ মন্ত্রণালয়/বিভাগের প্রধান কর্মকৃতি নির্দেশকসমূহের ট্রেনের সময়ানুবর্তিতার হারের মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা সর্বসম্মতক্রমে সংশোধন করা হয়। আর কোনো সংশোধনী প্রস্তাব না থাকায় উক্ত কার্যবিবরণী সর্বসম্মতভাবে দৃঢ়ীকরণ করার প্রস্তাব করা হয়।

০৪। **আলোচ্যসূচি (২-১০): বাজেট ওয়ার্কিং গ্রপ-এর ২য় সভার সুপারিশ পর্যালোচনাঃ** সভায় জানানো হয় যে, রেলপথ মন্ত্রণালয়ের বাজেট কাঠামোর ২য় ভাগ, যেমন- অংশ-৬.১: অধিদপ্তর /পরিদপ্তর/অধস্তন দপ্তর/প্রাতিষ্ঠানিক ইউনিট/সংস্থার সাম্প্রতিক অর্জন; অংশ-৬.২: কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক ও লক্ষ্যমাত্রা; অংশ-৬.৩: অপারেশন ইউনিট, সুনির্দিষ্ট কার্যক্রস/স্কিম/প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন প্রভৃতি এবং উক্ত কাঠামোভুক্ত ফরমসমূহ, যেমন- ফরম- ৩: অধস্তন দপ্তর/প্রাতিষ্ঠানিক ইউনিট গ্রুপের রাজস্ব ও প্রাপ্তির প্রাথমিক লক্ষ্যমাত্রা; ফরম-৪: অধস্তন দপ্তর/প্রাতিষ্ঠানিক ইউনিট গ্রুপের প্রাথমিক ব্যয়সীমা; ফরম-৬(ক): প্রাতিষ্ঠানিক ইউনিট/টাস্ক/সংস্থা/স্থানীয় সরকার প্রতিষ্ঠানের পরিচালন কার্যক্রমের প্রাথমিক ব্যয়সীমা; ফরম-৬(খ): উন্নয়ন কার্যক্রমভুক্ত খাদ্য কর্মসূচি/স্কিম/প্রকল্পের প্রাথমিক ব্যয়সীমা; ফরম-৭: অর্থনৈতিক কোডভিত্তিক রাজস্ব ও প্রাপ্তির প্রাথমিক প্রাক্কলন ও প্রক্ষেপণ; ফরম-৮(ক-১) অর্থনৈতিক কোডভিত্তিক পরিচালন ব্যয়ের সাধারণ/বিশেষ কার্যক্রমের প্রাথমিক প্রাক্কলন ও প্রক্ষেপণ; ফরম-৮(খ-১) অর্থনৈতিক কোডভিত্তিক উন্নয়ন ব্যয়ের এডিপিভুক্ত প্রকল্পের প্রাথমিক প্রাক্কলন ও প্রক্ষেপণ প্রভৃতি পূরণের বিষয়ে বাজেট ওয়ার্কিং গ্রুপের ২য় সভা গত ১১/০১/২০২৪ তারিখে অনুষ্ঠিত হয়। অতঃপর বাজেট ওয়ার্কিং গ্রুপের ২য় সভার নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ পর্যালোচনা করা হয়ঃ

সিদ্ধান্ত/সুপারিশ-(ক): রেলপথ মন্ত্রণালয়ের বাজেট কাঠামোর 'সাম্প্রতিক অর্জন' সংক্রান্ত বিবরণী (অনুচ্ছেদ নং ৬.১.১, ৬.২.১ ও ৬.৩.১) সংশোধন/হালনাগাদকরণ সংক্রান্ত প্রস্তাবের তথ্যগত ও ভাষাগত বিষয়াদি পুনঃ পরীক্ষা-নিরীক্ষা করে প্রয়োজনে সংশোধন/পুনর্লিখনক্রমে চূড়ান্তকরণের লক্ষ্যে বাজেট ব্যবস্থাপনা কমিটির ২য় সভায় উপস্থাপন করতে হবে।
বাস্তবায়নেঃ সহকারি সচিব (বাজেট-২), রেলপথ মন্ত্রণালয়।

সিদ্ধান্ত/সুপারিশ:(খ): বাংলাদেশ রেলওয়ের 'কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং লক্ষ্যমাত্রা (অনুচ্ছেদ নং ৬.২.২)' এর ১৪নং ক্রমিকে বর্ণিত "প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে কর্মকর্তা ও কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধি" শীর্ষক কার্যক্রম এর হালনাগাদ তথ্যাদি ১৫.০১.২০২৪ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।
বাস্তবায়নেঃ প্রধান পরিকল্পনা কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে

সিদ্ধান্ত/সুপারিশ: গ বাংলাদেশ রেলওয়ের প্রত্যেক ডিডিও/বাজেট ইউনিট/প্রকল্পের অর্থনৈতিক কোডভিত্তিক বিস্তারিত বাজেট প্রণয়ন [রাজস্ব ও প্রাপ্তির লক্ষ্যমাত্রা এবং সম্ভাব্য ব্যয়সীমা (পরিচালন)]প্রণয়নপূর্বক আইবাস ++ সিস্টেমে এ এন্ট্রি প্রদান আগামী ১৫/০১/২০২৪ তারিখের মধ্যে শেষ করতে হবে।
বাস্তবায়নেঃ ০১। পরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে এবং ০২। সকল পরিচালন বাজেট ইউনিট, বাংলাদেশ রেলওয়ে।

সিদ্ধান্ত/সুপারিশ: ঘ বাজেট পরিপত্র-১ এর গাইডলাইন অনুযায়ী রেলপথ মন্ত্রণালয়ের সামগ্রিক পরিচালন বাজেট ও উন্নয়ন ব্যয়ের আকার এবং প্রকল্পওয়ারী উন্নয়ন ব্যয় প্রস্তাবে পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর ডিভিশন ও কার্যক্রম বিভাগের সম্মতির জন্য আগামী ২৫/০১/২০২৪ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে।
বাস্তবায়নেঃ সহকারি সচিব (বাজেট-২), রেলপথ মন্ত্রণালয়।

০৫। সভায় এ মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট সকলদপ্তর/সংস্থা/অপারেশন ইউনিট হতে প্রাপ্ত তথ্য-উপাত্তের ভিত্তিতে রেলপথ মন্ত্রণালয়ের বাজেট কাঠামোর ২য় ভাগ (অংশ-৬) সংশোধন ও হালনাগাদকরণ বিষয়ে ১১/০১/২০২৪ তারিখে অনুষ্ঠিত বাজেট ওয়ার্কিং গ্রুপের ২য় সভার সুপারিশসমূহ পর্যালোচনায় যৌক্তিক ও গ্রহণযোগ্য প্রতীয়মান হওয়ায় তার আলোকে

সংশোধন/হালনাগাদকৃত বাজেট কাঠামোর ২য় ভাগ (অংশ-৬) এবং সংশ্লিষ্ট ফরমসমূহ চূড়ান্তকরণ করা যেতে পারে মর্মে একমত পোষণ করা হয়।

০৬। সভায় আরো জানানো হয় যে, রেলপথ মন্ত্রণালয়ের মধ্যমেয়াদী বাজেট কাঠামোর আওতায় ২০২৪-২৫ অর্থবছর হতে ২০২৬-২৭ অর্থবছর পর্যন্ত রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রার আকার বিগত অর্থবছরসমূহের ধারাবাহিকতায় তুলনামূলকভাবে কম হওয়ায় উক্ত লক্ষ্যমাত্রা পুনঃনির্ধারণের জন্য ০৪/০১/২০২৪ তারিখে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির ১ম সভায় নিম্নরূপ সিদ্ধান্ত হয়েছেঃ

(খ) অধিদপ্তর পর্যায়ে মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ের সভাপতিত্বে বাজেট ব্যবস্থাপনা কমিটির সভা আহবান করে সকল বাজেট ইউনিটের প্রস্তাবিত বাজেট সিলিং (রাজস্ব প্রাপ্তি, পরিচালন ব্যয় ও উন্নয়ন ব্যয়) পুনঃ পরীক্ষা/নিরীক্ষার মাধ্যমে বাজেটের যৌক্তিক আকার নির্ধারণসহ অর্থনৈতিক কোডভিত্তিক বিস্তারিত বাজেট আগামী ১০/০১/২০২৪ তারিখের মধ্যে এ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।
বাস্তবায়নেঃ বাংলাদেশ রেলওয়ে।

উক্ত সিদ্ধান্তের আলোকে রেলপথ মন্ত্রণালয়ের মধ্যমেয়াদী বাজেট কাঠামোর আওতায় ২০২৪-২৫ অর্থবছর হতে ২০২৬-২৭ অর্থবছর পর্যন্ত বাজেট পরিপত্র-১ এর মাধ্যমে প্রাপ্ত রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা নিম্নোক্তভাবে পুনঃনির্ধারণের জন্য বাংলাদেশ রেলওয়ে হতে প্রস্তাব করা হয়েছে। পুনঃনির্ধারণে প্রস্তাবটি সদয় বিবেচনার জন্য অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

০৭। সভায় জানানো হয় যে, রেলপথ মন্ত্রণালয়ের মধ্যমেয়াদী বাজেট কাঠামোর আওতায় ২০২৪-২৫ অর্থবছর হতে ২০২৬-২৭ অর্থবছর পর্যন্ত উন্নয়ন বাজেটের জিওবি খাতে অতিরিক্ত বরাদ্দের বিষয়ে ০৪/০১/২০২৪ তারিখে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির ১ম সভায় নিম্নরূপ সিদ্ধান্ত হয়েছেঃ

(ঘ) ২০২৪-২৫ অর্থবছরে বাংলাদেশ রেলওয়ের উন্নয়ন বাজেটের জিওবি খাতে ৩৩৩৪.০০ কোটি টাকার অতিরিক্ত বরাদ্দ চাহিদার বিষয়ে যৌক্তিকতাসহ পূর্ণাঙ্গ প্রস্তাব এ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।
বাস্তবায়নেঃ বাংলাদেশ রেলওয়ে।

উক্ত সিদ্ধান্তের আলোকে ২০২৪-২৫ অর্থবছর হতে ২০২৬-২৭ অর্থবছর পর্যন্ত উন্নয়ন বাজেটের জিওবি খাতে অতিরিক্ত বরাদ্দের জন্য সচিব, রেলপথ মন্ত্রণালয়ের কর্তৃক ডিও পত্র প্রেরণের কার্যক্রম পরিকল্পনা-৩ শাখা হতে নেওয়া হয়েছে। শীঘ্রই এ মন্ত্রণালয়েরে পরিকল্পনা অনুবিভাগ হতে অর্থবিভাগে ডিও পত্র প্রেরণ করা হবে মর্মে সভাকে অবহিত করা হয়।

০৮। বাংলাদেশ রেলওয়ের পরিচালন ও উন্নয়ন বাজেটের কয়েকটি অর্থনৈতিক কোডে আইবাস++ সিস্টেমে বিদ্যমান না থাকায় মন্ত্রণালয় হতে অর্থ বিভাগকে অনুরোধ করা হলে উক্ত কোডগুলো বাংলাদেশ রেলওয়ের আইবাস++ সিস্টেমে অন্তর্ভুক্ত করা হয়। এতে নির্ধারিত সময়ে মাঠ পর্যায়ে বাজেট এন্ট্রি প্রদান করা বিলম্ব হয়েছে মর্মে সভাকে জানানো হয়। দ্রুততম সময়ের মধ্যে ৮ক-১ এবং ৮খ-১ পূরণ করে তথ্যাদি মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হয়।

০৯। বাংলাদেশ রেলওয়ের পরিচালন ব্যয়ের বিশেষ কার্যক্রম অংশের বিস্তারিত বিভাজন নিয়ে সভায় আলোচনা হয়। সভায় বাংলাদেশ রেলওয়ের পরিচালন বাজেটের নিম্নরূপ বিভাজন তুলে ধরা হয়:

| কার্যক্রম | প্রতিষ্ঠান | টাকা (কোটিতে) |
|---|---|---|
| সাধারণ কার্যক্রম | ১১৭ ডিডিও | ১৬৭৬.০৮ |
| | উপমোট= | **১৬৭৬.০৮** |
| বিশেষ কার্যক্রম | অবসর ব্যবস্থাপনা কার্যক্রম | ১০৮৮.৮৭ |
| | ২৮০২-পরিচালন কার্যক্রম | ৪৯৯.৪৯ |
| | ২৮০৩-মেরামত ও রক্ষণাবেক্ষণ | ৫৭২.৩৮ |
| | ২৮০৫-মূলধন অনিশ্চিত হিসাব | ২৫০.০০ |
| | | |

| | | |
|---|---|---|
| | ২৮০৬-সম্পদ সংগ্রহ ও ব্যবস্থাপনা | ২০৩.৭২ |
| | উপমোট= | ২৬১৪.৪৬ |
| স্কুলসমূহ | ১০টি স্কুল | ১০.২৫৭০ |
| | সর্বমোট= | ৪৩০০.৭৯৭ |

উপর্যুক্ত সারণী থেকে প্রতীয়মান হয় যে, বাংলাদেশ রেলওয়ের সাধারণ কার্যক্রমের চেয়ে বিশেষ কার্যক্রমের জন্য বেশি বরাদ্দ রয়েছে। প্রস্তাবিত অর্থবছরে (২০২৪-২৫) বিশেষ কার্যক্রমের কয়েকটি খাত যেমন **পরিস্কার পরিচ্ছন্নতা সামগ্রি (৩২১১১০২)** খাতে মোট ২৩.০০ কোটি টাকা বরাদ্দ রাখা হয়েছে। অপর দিকে সাধারণ কার্যক্রমে আওতায় ১১৭ ডিডিও এর মধ্যেও উক্ত খাতে অর্থ বরাদ্দ রাখা হয়েছে। তাছাড়া **অন্যান্য যন্ত্রপাতি ও সরঞ্জমাদি** (৩২৫৮১০৫); এবং **আউটসোর্সিং** (৩২১১১১৩১) সহ আরও কিছু কোড সাধারণ কার্যক্রম ও বিশেষ কার্যক্রম উভয় খাতেই বিদ্যমান। এতে করে দেখা যায় যে, একই ডিডিও একই অর্থনৈতিক কোডের বিপরীতে দুই বার বরাদ্দ পেয়ে থাকে; যার ফলে ঐসকল অর্থনৈতিক কোডের বিপরীতে প্রকৃত চাহিদা নির্ধারণ ও প্রকৃত ব্যয় সম্পর্কে জানা যায় না। সরকারি অর্থ ব্যয়ের দক্ষতা ও স্বচ্চতা আনয়নের লক্ষ্যে যে সকল অর্থনৈতিক কোড বিশেষ ও সাধারণ প্রশাসন-উভয় কার্যক্রমে রয়েছে তার মধ্যে বিশেষ অর্থনৈতিক কোডগুলোর বিপরীতের বরাদ্দ না রেখে প্রকৃত চাহিদার ভিত্তিতে সংশ্লিষ্ট ডিডিও ইউনিটের অর্থনৈতিক কোডসমূহে বরাদ্দ প্রদান করতে হবে মর্মে সভায় আলোচনান্তে একমত পোষণ করা হয়।

১০। মন্ত্রণালয়ের বাজেট কাঠামোর ৬.২.২ এ বাংলাদেশ রেলওয়ের কার্যক্রম, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা অংশের **"প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে কর্মকর্তা ও কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধি"** এর ২০২২-২৩ অর্থবছরের লক্ষ্যমাত্রার বিপরীতে প্রকৃত অর্জনের তথ্য বাংলাদেশ রেলওয়ে হতে যথাসময়ে জানানো হয় না। অভ্যন্তরীণ প্রশিক্ষণ আয়োজন ও এ খাতের ব্যয়ের স্বচ্ছ্তা আনয়নের উপর সভায় গুরুত্বারোপ করা হয়। সভাপতি জানান যে, আগামী অর্থবছর হতে কর্মকর্তা/কর্মচারীদের অভ্যন্তরীণ প্রশিক্ষণ প্রদানের ক্ষেত্রে অনুমোদিত কর্মপরিকল্পনা ও প্রশিক্ষণ মডিউল ব্যতিরেকে প্রশিক্ষণ আয়োজন ও ঐ খাতের বরাদ্দ ব্যয় করা যাবে না। তিনি আরো জানান যে, অভ্যন্তরীণ প্রশিক্ষণ প্রদানের জন্য সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা ও প্রশিক্ষণ মডিউল প্রণয়নপূর্বক অনুমোদনের লক্ষ্যে সংশ্লিষ্ট ডিডিও/বাজেট কর্মকর্তাগণ ২০২৪-২৫ অর্থবছরের শুরুতেই মহাপরিচালক, বাংলাদেশে রেলওয়ের মাধ্যমে রেলপথ মন্ত্রণালয়ে প্রেরণ কতে হবে।

১১। সাধারণ কার্যক্রমভুক্ত ১১৭টি ডিডিও অফিসের বিস্তারিত অর্থনৈতিক কোডের বরাদ্দ বিষয়ে কয়েকটি অর্থনৈতিক কোডের বরাদ্দের প্রাক্কলন প্রণয়ন এবং ব্যয়ের ক্ষেত্রে স্বচ্ছতা আনয়নের জন্য সভায় বিশেষভাবে গুরুত্বরোপ করা হয়। সভায় জানানো হয় যে, অধিকাংশ ডিডিও অফিস মূলধনী ব্যয়ের প্রাক্কলন প্রণয়নের ক্ষেত্রে স্ব স্ব অর্গানোগ্রামে নির্ধারিত প্রাপ্যতা বিবেচনা না করে 'যন্ত্রপাতি ও সরঞ্জামাদি ক্রয়-৪১১২' এ অধীন অর্থনৈতিক কোডসমূহ যথা- (ক) ৪১১২২০২-কম্পিউটার ও আনুষঙ্গিক (খ) ৪১১২৩১০ অফিস সরঞ্জামাদি এবং ৪১১২৩১৪-আসবাবপত্র প্রভৃতির বিপরীতে প্রতিবছর নিদিষ্ট পরিমাণ বাজেট/বরাদ্দ রাখছে। অর্গানোগ্রামে নির্ধারিত প্রাপ্যতা অনুযায়ী ইতোমধ্যে যেসব ডিডিও অফিসে উল্লেখিত মূলধনী সম্পদ ক্রয়/সংগ্রহ করা হয়েছে সেসব ডিডিও অফিস কর্তৃক '৪১১২২০২-কম্পিউটার ও আনুষঙ্গিক', '৪১১২৩১০ অফিস সরঞ্জামাদি' এবং '৪১১২৩১৪-আসবাবপত্র' প্রভৃতি খাতে বরাদ্দ রাখা যাবে না মর্মে সভায় একমত পোষণ করা হয়। তাছাড়া প্রত্যেক ডিডিও/বাজেট ইউনিটের 'ভ্রমণ ব্যয়' 'অন্যান্য মনিহারী' 'আউটসোর্সি' 'পেট্রোল, অয়েল, লুব্রিকেন্ট' 'গ্যাস ও জ্বালানী' প্রভৃতি খাতে প্রস্তাবিত প্রাক্কলনের যথার্ততা যাচাইপূর্বক প্রযোজ্য ক্ষেত্রে সংশোধন করার জন্য মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে-কে সভায় অনুরোধ জানানো হয়।

১২। **<u>আলোচ্যসূচি-বিবিধঃ</u>** মন্ত্রণালয়/বিভাগের বাজেট কাঠামোতে উল্লিখিত মিশন স্টেটমেন্ট কৌশলগত উদ্দেশ্য ও কর্মকৃতি নির্দেশক যেভাবে বিধৃত রয়েছে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি(APA)-তে একইভাবে প্রতিফলন নিশ্চিত করতে হবে মর্মে বাজেট পরিপত্র-১ এর অনুশাসন রয়েছে মর্মে সভায় জানানো হয়। এ বিষয়ে

আলোচনান্তে ২০২৪-২৫ অর্থবছর হতে ২০২৬-২৭ অর্থবছর পর্যন্ত রেলপথ মন্ত্রণালয়ের অনুমোদিত বাজেট কাঠামোর ভিত্তিতে রেলপথ মন্ত্রণালয়ের 'এপিএ' প্রণয়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এপিএ-টীম প্রধান-কে অনুরোধ করা হয়। হয়।

১৩। বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

সিদ্ধান্ত কঃ০৪/০১/২০২৪ তারিখে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির ১ম সভার কার্যবিবরণী সর্বসম্মতভাবে দৃঢ়ীকরণ করা হয়।
বাস্তবায়নেঃ বাজেট অধিশাখা, রেলপথ মন্ত্রণালয়

সিদ্ধান্ত খঃবাজেট ব্যবস্থাপনা কমিটির ১ম ও ২য় সভার সিদ্ধান্তের আলোকে ২০২৪-২৫ অর্থবছরের জন্য রেলপথ মন্ত্রণালয়ের বাজেট কাঠামো প্রযোজ্য ক্ষেত্রে সংশোধন/হালনাগাদকরণ করে অর্থবিভাগ ও পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে।
বাস্তবায়নেঃ বাজেট অধিশাখা, রেলপথ মন্ত্রণালয়

সিদ্ধান্ত গঃ ২০২৪-২৫ অর্থবছরে রেলপথ মন্ত্রণালয়ের রাজস্ব ও প্রাপ্তির প্রাথমিক লক্ষ্যমাত্রা এবং প্রাথমিক ব্যয়সীমার বিভাজনের আলোকে ibas++ এ এন্ট্রি প্রদানের মাধ্যমে পূরণকৃত বাজেট কাঠামোভুক্ত ফরমসমূহ; যেমন- ফরম-১: অধিদপ্তর/পরিদপ্তরের রাজস্ব ও প্রাপ্তির প্রাথমিক লক্ষ্যমাত্রা; ফরম-২: অধিদপ্তর/পরিদপ্তরের সম্ভাব্য প্রাথমিক ব্যয়সীমা; ফরম-৩: অধস্তন দপ্তর/প্রাতিষ্ঠানিক ইউনিট গ্রুপের রাজস্ব ও প্রাপ্তির প্রাথমিক লক্ষ্যমাত্রা; ফরম-৪: অধস্তন দপ্তর/প্রাতিষ্ঠানিক ইউনিট গ্রুপের প্রাথমিক ব্যয়সীমা; ফরম-৬(ক): প্রাতিষ্ঠানিক ইউনিট/টাস্ক/সংস্থা/স্থানীয় সরকার প্রতিষ্ঠানের পরিচালন কার্যক্রমের প্রাথমিক ব্যয়সীমা; ফরম-৬(খ): উন্নয়ন কার্যক্রমভুক্ত খাদ্য কর্মসূচি/স্কিম/প্রকল্পের প্রাথমিক ব্যয়সীমা; ফরম-৭: অর্থনৈতিক কোডভিত্তিক রাজস্ব ও প্রাপ্তির প্রাথমিক প্রাক্কলন ও প্রক্ষেপণ; ফরম-৮(ক-১) অর্থনৈতিক কোডভিত্তিক পরিচালন ব্যয়ের সাধারণ/বিশেষ কার্যক্রমের প্রাথমিক প্রাক্কলন ও প্রক্ষেপণ; ফরম-৮(খ-১) অর্থনৈতিক কোডভিত্তিক উন্নয়ন ব্যয়ের এডিপিভুক্ত প্রকল্পের প্রাথমিক প্রাক্কলন ও প্রক্ষেপণ প্রভৃতি পরিকল্পনা কমিশন ও অর্থবিভাগে প্রেরণ করতে হবে।
বাস্তবায়নেঃ বাজেট অধিশাখা, রেলপথ মন্ত্রণালয়

সিদ্ধান্ত ঘঃ মধ্যমেয়াদী বাজেট কাঠামোর আওতায় রেলপথ মন্ত্রণালয়ের রাজস্ব প্রাপ্তির বিগত অর্থবছরসমূহের লক্ষ্যমাত্রা এবং প্রকৃত অর্জন প্রবণতার সাথে সামঞ্জস্য বিধানের লক্ষ্যে ২০২৪-২৫ অর্থবছর হতে ২০২৬-২৭ অর্থবছর পর্যন্ত রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা পুনঃনির্ধারণের বিষয়ে অর্থবিভাগের সাথে যোগাযোগ রক্ষা করতে হবে।
বাস্তবায়নেঃ বাজেট অধিশাখা, রেলপথ মন্ত্রণালয়

সিদ্ধান্ত ঙঃ বাংলাদেশ রেলওয়ের উন্নয়ন বাজেটে জিওবি খাতে ৩৩৩৪.০০ কোটি টাকার অতিরিক্ত বরাদ্দ প্রদানের বিষয়ে বাংলাদেশ রেলওয়ের হতে প্রাপ্ত প্রস্তাবটি ডি.ও পত্রের মাধ্যমে অর্থবিভাগে প্রেরণ করতে হবে।
বাস্তবায়নেঃ পরিকল্পনা অনুবিভাগ, রেলপথ মন্ত্রণালয়

সিদ্ধান্ত চঃ সরকারি অর্থব্যয়ের এর প্রকৃত চাহিদা ও স্বচ্ছতা আয়নের লক্ষ্যে বাংলাদেশ রেলওয়ের যে সকল কোড সাধারণ কার্যক্রম ও বিশেষ কার্যক্রম উভয় খাতেই বিদ্যমান সে সকল কোডের বিপরীতে প্রকৃত চাহিদার ভিত্তিতে সরাসরি ডিডিও বরাবর বরাদ্দ প্রদান করতে হবে।

বাস্তবায়নেঃ বাংলাদেশ রেলওয়ে

সিদ্ধান্ত ছঃ প্রস্তাবিত অর্থবছর (২০২৪-২৫) থেকে কর্মকর্তা/কর্মচারীদের অভ্যন্তরীণ প্রশিক্ষণ প্রদানের ক্ষেত্রে অনুমোদিত কর্মপরিকল্পনা ও প্রশিক্ষণ মডিউল ব্যতিরেকে প্রশিক্ষণ আয়োজন ও ঐ খাতের বরাদ্দ ব্যয় করা যাবে না। অভ্যন্তরীণ প্রশিক্ষণ প্রদানের জন্য সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা ও প্রশিক্ষণ মডিউল প্রণয়নপূর্বক অনুমোদনের লক্ষ্যে সংশ্লিষ্ট ডিডিও/বাজেট কর্মকর্তাগণ ২০২৪-২৫ অর্থবছরের শুরুতেই মহাপরিচালক, বাংলাদেশে রেলওয়ের মাধ্যমে রেলপথ মন্ত্রণালয়ে প্রেরণ কতে হবে।

বাস্তবায়নেঃ বাংলাদেশ রেলওয়ে এবং সংশ্লিষ্ট সকল ডিডিও/বাজেট অফিস

সিদ্ধান্ত জঃ অর্গানোগ্রামে নির্ধারিত প্রাপ্যতা অনুযায়ী ইতোমধ্যে যেসব ডিডিও অফিসে উল্লেখিত মূলধনী সম্পদ ক্রয়/সংগ্রহ করা হয়েছে সেসব ডিডিও অফিস কর্তৃক '৪১১২২০২-কম্পিউটার ও আনুষঙ্গিক', '৪১১২৩১০ অফিস সরঞ্জামাদি' এবং '৪১১২৩১৪-আসবাবপত্র' প্রভৃতি খাতে বরাদ্দ রাখা যাবে না। তাছাড়া প্রত্যেক ডিডিও/বাজেট ইউনিটের 'ভ্রমণ ব্যয়' 'অন্যান্য মনিহারী' 'আউটসোর্সি' 'পেট্রোল, অয়েল, লুব্রিকেন্ট' 'গ্যাস ও জ্বালানী' প্রভৃতি খাতে প্রস্তাবিত প্রাক্কলনের যথার্ততা যাচাই করে প্রযোজ্য ক্ষেত্রে সংশোধন করতে হবে।

বাস্তবায়নেঃ বাংলাদেশ রেলওয়ে এবং সংশ্লিষ্ট সকল ডিডিও/বাজেট অফিস

সিদ্ধান্ত ঝঃ রেলপথ মন্ত্রণালয়ের অনুমোদিত বাজেট কাঠামোতে উল্লিখিত মিশন স্টেটমেন্ট, কৌশলগত উদ্দেশ্য ও কর্মকৃতি নির্দেশক যেভাবে বিধৃত রয়েছে এ মন্ত্রণালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি(এপিএ)-তে একইভাবে প্রতিফলন নিশ্চিতপূর্বক এপিএ প্রণয়নের লক্ষ্যে অনুমোদিত বাজেট কাঠামোর ছায়ালিপি এপিএ-টীম প্রধানের নিকট প্রেরণ করতে হবে।

বাস্তবায়নেঃ বাজেট অধিশাখা, রেলপথ মন্ত্রণালয়

১৪। অতঃপর সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

ড. মো: হুমায়ুন কবীর
সচিব ও সভাপতি, বাজেট ব্যবস্থাপনা কমিটি,
রেলপথ মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৫৪.০০.০০০০.০৩৩.১১.০০১.২৩.২২

তারিখ: ১১ মাঘ ১৪৩০
২৫ জানুয়ারি ২০২৪

বিতরণ (জ্যেষ্ঠতার
ক্রমানুসারে নয়) :

১) সচিব, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
২) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা
৩) মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
৪) অতিরিক্ত সচিব (সকল), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।

৫) অতিরিক্ত মহাপরিচালক (সকল), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।

৬) যুগ্মসচিব (সকল), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।

৭) যুগ্মসচিব (বাজেট-৫), অর্থবিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৮) সচিব মহোদয়ের একান্ত সচিব (যুগ্মসচিব), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা। [সচিব মহোদয়ের সদয় অবগতির নিমিত্ত]

৯) মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/রাজশাহী।

১০) মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।

১১) যুগ্মপ্রধান, রেল পরিবহন উইং, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।

১২) যুগ্মসচিব, নরডিক অধিশাখা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।

১৩) প্রধান পরিকল্পনা কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।

১৪) সরকারি রেল পরিদর্শক, রেলপথ পরিদর্শন অধিদপ্তর, ফুলবাড়িয়া, ঢাকা।

১৫) উপসচিব (বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন অধিশাখা/বাজেট/প্রশাসন-৪ শাখা), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।

১৬) চীফ একাউন্টস এন্ড ফাইনান্স অফিসার, চীফ একাউন্টস এন্ড ফাইনান্স অফিসারের কার্যালয়, রেলপথ মন্ত্রণালয়, হিসাব ভবন (৪র্থ তলা), সেগুনবাগিচা, ঢাকা

১৭) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা। [কার্যবিবরণীটি ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ]

১৮) সহকারী সচিব (বাজেট-১ শাখা/বাজেট-২ শাখা/বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন-১ শাখা/বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন-২ শাখা), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।

১৯) উপপরিচালক (অর্থ/বাজেট), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।

২০) হিসাবরক্ষণ কর্মকর্তা, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।

২১) অফিস, কপি।

মোঃ আব্দুল খালেক মিঞা
সহকারী সচিব